



Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

3510 International Drive, NW
Washington, D.C 20008

Date : 17-04-2014

Historic Mujibnagar Day observed at Bangladesh Embassy in Washington, DC

Bangladesh Embassy in Washington DC today (April, 17, 2014) observed the historic *Mujibnagar Day* in a befitting manner. The day's program began in the morning with ceremonial hoisting of the national flag at the Embassy premises by Ambassador Akramul Qader in presence of all the officers and staff members of the Embassy. Messages from the Hon'ble President Mr. Abdul Hamid, and Hon'ble Prime Minister Sheikh Hasina were read out. Special prayers were offered for the eternal peace of the departed souls of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, his family members, four national leaders , and the valiant freedom fighters and individuals who sacrificed their lives & honour to achieve the independence of the country and also for continued peace and prosperity of the country.

In the afternoon, a discussion meeting was organized at the Bangabandhu auditorium of the Embassy. Speaking on the occasion, Ambassador Akramul Qader said that the Mujibnagar Day is immensely significant to our national life because it laid down the foundational stone to the cause of our independence and statehood. Throughout the nine-month long war of independence, the Mujibnagar Government not only worked as a source of inspiration for the people of Bangladesh, but also led the country in every front of its independence struggles including, among others, leading the freedom fighters in the battlefield, making diplomatic efforts to earn international support, and strategizing military planning to defeat the Pakistani occupation forces, he added. The program ended with screening of a documentary film on the historic Mujibnagar Day.

The program was attended, among others, all the officials of the Embassy and the members of the Diaspora.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771 / 7830, e-mail bdoot_pwash@yahoo.com



Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

তারিখঃ ১৭ এপ্রিল ২০১৪

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত

আজ (১৭ এপ্রিল ২০১৪) বাংলাদেশ দূতাবাস ওয়াশিংটন, ডি.সি তে যথাযোগ্য মর্যাদার সাথে ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের দূতাবাসের সকল কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশ দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচী শুরু করেন। এ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি জনাব আব্দুল হামিদ এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রদত্ত বাণী পাঠ করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, তাঁর পরিবারের সদস্য, জাতীয় চার নেতা, বীর মুক্তিযোদ্ধা, বীরোদ্ভা, এবং যারা দেশের স্বাধীনতা অর্জনে আত্মত্যাগ করেছেন তাঁদের আত্মার শান্তি ও দেশ ও জাতির অব্যাহত অগ্রগতি কামনা করে বিশেষ প্রার্থনা করা হয়।

অপরূহে দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে এক আলোচনা সভা আয়োজন করা হয়। রাষ্ট্রদূত আকরামুল কাদের তার বক্তব্যে বলেন, মুজিবনগর দিবসটি আমাদের জাতীয় জীবনে অত্যন্ত তাৎপর্যপূর্ণ, কারণ আমাদের স্বাধীনতা অর্জন ও জাতিরাষ্ট্রগঠনে এ দিনটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে আছে। আমাদের নয়মাসব্যাপী স্বাধীনতা যুদ্ধে মুজিবনগর সরকার ছিল বাংলাদেশের মুক্তিকামী জনগনের আশা, আকাঙ্ক্ষা, ও অনুপ্রেরণার এক অফুরন্ত উৎস। শুধু তাই নয়, যুদ্ধকালীন সময়ে মুক্তিযুদ্ধের নেতৃত্ব প্রদান, বিদেশী সরকারের সমর্থন আদায়ে কূটনৈতিক প্রয়াস, পাকিস্তানী হানাদার বাহিনীকে পরাজিত করার রণকৌশল নির্ধারণ, এবং সকল ক্ষেত্রে দেশকে নেতৃত্ব দেয়ার গুরুদায়িত্ব অত্যন্ত সফলভাবে পালন করে মুজিবনগর সরকার। অনুষ্ঠানটির সমাপ্তি ঘটে ঐতিহাসিক মুজিবনগর দিবসের উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে।

অনুষ্ঠানটিতে দূতাবাসের সকল কর্মকর্তা, কর্মচারী, এবং প্রবাসী বাংলাদেশীগণ উপস্থিত ছিলেন।

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771 / 7830, e-mail bdoot_pwash@yahoo.com